



রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ।

স্মারক নং : বশেমুরবিপ্রবি/র/জ.প্র./২০২৪/৬২০৮-১১২৯

তারিখ : ০৬ ভাদ্র ১৪৩১  
২১ আগস্ট ২০২৪

**বিষয় :** শিক্ষা ছুটিতে যাওয়ার পর থেকে এ পর্যন্ত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ-  
হতে গৃহীত বেতন ভাতাদির অর্থ ফেরত প্রদান প্রসঙ্গে।

আপনাকে ইতোপূর্বে স্মারক নং : বশেমুরবিপ্রবি/র/জ.প্র./২০২৪/৬২০৮-৬৭২ পত্রের মাধ্যমে জানানো হয়েছিল যে, আপনার কাছে অত্র বিশ্ববিদ্যালয়ের পাওনা ২০,৩৬,৬০৬/- (বিশ লক্ষ ছত্রিশ হাজার ছয়শত ছয়) টাকা পরিশোধ সাপেক্ষে আপনার অব্যাহতির বিষয়টি বিবেচিত হবে। তৎপ্রেক্ষিতে আপনি বিশ্ববিদ্যালয় বরাবর সুদের ১,৮৫,১৪৬/- (এক লক্ষ পঁচাশি হাজার) টাকা মওকুফের আবেদন করেন। কিন্তু বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী সুদ মওকুফের সুযোগ নেই মর্মে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সিদ্ধান্ত প্রদান করেছেন বিধায় আপনাকে সমুদয় অর্থ ২০,৩৬,৬০৬/- (বিশ লক্ষ ছত্রিশ হাজার ছয়শত ছয়) টাকা প্রদানের জন্য জানানো যাচ্ছে। এই পত্র প্রাপ্তির ০১ (এক) মাসের মধ্যে অর্থ প্রাপ্তির পর অব্যাহতির বিষয় বিবেচিত হবে।

আপনি গৃহীত অর্থ ফেরত প্রদানে অস্বীকৃতি জ্ঞাপন করলে আপনার বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

২১/০৮/২০২৪

(মোঃ দলিলুর রহমান)

রেজিস্ট্রার

বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।

**প্রাপক :**

জনাব মোঃ পিয়ার হোসেন, সহকারী অধ্যাপক  
পরিসংখ্যান বিভাগ, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।

স্মারক নং : বশেমুরবিপ্রবি/র/জ.প্র./২০২৪/৬২০৮-১১২৯

তারিখ : ০৬ ভাদ্র ১৪৩১  
২১ আগস্ট ২০২৪

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়) :**

১. ডিন, বিজ্ঞান অনুষদ, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
২. চেয়ারম্যান, পরিসংখ্যান বিভাগ, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
৩. পরিচালক (হিসাব), বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
৪. উপ-পরিচালক (জনসংযোগ), জনসংযোগ দপ্তর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
৫. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৬. পিএস টু ভাইস-চ্যান্সেলর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের জ্ঞাতার্থে)।
৭. পিএস টু প্রো-ভাইস-চ্যান্সেলর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের জ্ঞাতার্থে)।
৮. পিএ টু ট্রেজারার, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (ট্রেজারার মহোদয়ের জ্ঞাতার্থে)।
৯. সংশ্লিষ্ট নথি/ব্যক্তিগত নথি।
১০. মহানথি।

২১/০৮/২০২৪  
(মোঃ মোরাদ হোসেন)

উপ-রেজিস্ট্রার